

অনুপুঙ্খ

■ সত্যজিৎ রায়ের ছবিতে ব্যঞ্জনা কী ভাবে শুধু রেনোয়া-র নয়, কালিদাস মহাভারত বঙ্কিমচন্দ্র বা জয়পুর মিনিয়েচার চিত্রকলা থেকেও উঠে এসেছে, কী ভাবে তিনি রবীন্দ্রনাথ কথিত ‘রূপের চলৎপ্রবাহ’ সৃষ্টি করেছেন, কেমন তাঁর ছবির সাঙ্গীতিক বিন্যাস, এ নিয়ে অনুপুঙ্খ বিশ্লেষণ উঠে এল চিন্ময় গুহের কথনে, সাহিত্য অকাদেমি আয়োজিত দু’দিনব্যাপী (২৫-২৬ নভেম্বর) আলোচনাচক্রে। অকাদেমি সচিব কে শ্রীনিবাসরাও, আহ্বায়ক সুবোধ সরকারের ভাষণ ছাড়াও সঞ্জয় মুখোপাধ্যায়, এস ভি রমণ, অশোক বিশ্বনাথনের সভাপতিত্বে বিশিষ্ট বক্তাদের আলোচনা... সত্যজিতের আধুনিকতা ও রাজনৈতিক মানস, চিত্রকর ও অনুবাদক সত্যজিৎ, তাঁর ছবিতে বন্ধুত্ব ও বিবেকের স্বরূপ, চিত্রনাট্য ও কথক নৃত্যের বিবর্তন, শৈলীর গাণিতিক গড়ন-সহ নানা বিষয়ে। দেখানো হল শ্যাম বেনেগালের তথ্যচিত্র সত্যজিৎ রায়। উদ্বোধনী ও সমাপ্তি ভাষণে যথাক্রমে গৌতম ঘোষ ও অপর্ণা সেন।

সত্যজিৎকে শ্রদ্ধা



• সত্যজিৎ রায়ের বহুবিধ প্রতিভার অসংখ্য অজানা দিক উন্মোচিত হল কিংবদন্তি মানুষটির জন্মশতবর্ষ উপলক্ষে সাহিত্য অকাদেমি আয়োজিত এক মনোজ্ঞ আলোচনা সভায়। সাহিত্য অকাদেমির নিজস্ব সভাঘরে দু'দিন ব্যাপী সেমিনারে অংশ নিলেন সত্যজিৎ গবেষক ও অনুরাগীরা। সেমিনারের সূচনা করেন বিশিষ্ট চলচ্চিত্রকার গৌতম ঘোষ। উদ্বোধনী ভাষণে গৌতম বলেন, 'সত্যজিতের বিজ্ঞানমনস্কতা ও শিল্পবোধের অনন্য পরিচয় পাওয়া যায় সন্দেশ পত্রিকার পাতা ওল্টালেই।' অধ্যাপক চিন্ময় গুহ সত্যজিতের সিনেমায় মানবিক সত্তার একাধিক উদাহরণ তুলে ধরে বলেন, 'তিনি প্রচুর পড়াশোনা

করতেন। মানুষের সঙ্গে মিশতেন। তাদের অন্তরের অন্তঃস্থলের অনুভূতিগুলোকে আত্মস্থ করে নিতেন। পরে সেগুলি তিনি তাঁর সিনেমায় তুলে ধরতেন।' প্রথম দিন স্বাগত ভাষণ দেন সাহিত্য অকাদেমির সম্পাদক কে শ্রীনিবাসরাও। সেমিনারের সূচনা করেন সাহিত্য অকাদেমির বাংলা অ্যাডভাইজরি বোর্ডের আহ্বায়ক সুবোধ সরকার। অভিজিৎ গুপ্ত সত্যজিতের অনুবাদ কর্মের দিকটি তুলে ধরেন। শিশুদের সত্যজিৎ নিয়ে বলেন অনিন্দ্য সেনগুপ্ত। সেমিনারের শেষ বক্তা ছিলেন অভিনেত্রী-পরিচালক অপর্ণা সেন। তিনি সত্যজিতের সিনেমা শৈলী নিয়ে বিস্তারিত বক্তব্য রাখেন। দেখানো হয় বি ডি গর্গ পরিচালিত 'ক্রিয়েটিভ আর্টিস্ট অব ইণ্ডিয়া: সত্যজিৎ রায়', বিপ্লব রাই পরিচালিত 'আ ট্রিবিউট টু সত্যজিৎ রায়' ও শ্যাম বেনেগাল পরিচালিত 'সত্যজিৎ রায়'।

—প্রিয়ব্রত দত্ত
হবি: ডাক্তর সুখোপাধ্যায়